

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।
www.hed.gov.bd

স্মারক নং-এইচইডি/প্রশাঃ/ব্যঃ নথি/৯৬/

তারিখ :

প্রজ্ঞাপন

১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্মাণ অধিশাখার প্রজ্ঞাপন নং-৪৫.০০.০০০০.১৫৬.০৮.০১৫.২১.৪৪৭, তারিখঃ ১৫/০৬/২০২২ খ্রিঃ এর মাধ্যমে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), বরিশাল বিভাগে কর্মরত নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ ইসহাক মিয়া-কে পবিত্র হজ্জ পালনের নিমিত্ত সৌদি আরব গমনের জন্য ২৫/০৬/২০২২ খ্রিঃ হতে ০৮/০৮/২০২২ খ্রিঃ অথবা ছুটি ভোগের তারিখ হতে ৪৫ (পঁয়তাল্লিশ) দিন কতিপয় শর্ত সাপেক্ষে বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করা হয়েছে। তিনি উক্ত ছুটি ভোগের অনুমতিসহ আগামী ০১/০৭/২০২২ খ্রিঃ তারিখ হতে দেশ ত্যাগের অনুমতি চেয়ে আবেদন করেছেন। তদানুযায়ী নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ ইসহাক মিয়া-কে উক্ত প্রজ্ঞাপনের শর্তাদি পালন সাপেক্ষে বর্ণিত ছুটি আগামী ০১/০৭/২০২২ খ্রিঃ তারিখ থেকে ভোগসহ দেশ ত্যাগের অনুমতি প্রদান করা হলো।

২। নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ ইসহাক মিয়া ছুটিতে থাকাকালীন তাঁর দায়িত্ব এইচইডি বরিশাল জেলায় কর্মরত সহকারী প্রকৌশলী জনাব মোহাঃ রফিকুল ইসলাম নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে পালন করবেন।

স্বাক্ষর

ব্রিগেডিয়ার জেনারেল বশির আহমেদ, এনডিসি, পিএসসি
প্রধান প্রকৌশলী
e-mail : hedhq@yahoo.com

স্মারক নং-এইচইডি/প্রশাঃ/ব্যঃ নথি/৯৬/ ২০ ৪৪ / ১৬

তারিখ : ২০/০৭/২০২২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, বহিঃ গমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল-৫, বরিশাল।
- ৩। জনাব মোঃ ইসহাক মিয়া
নির্বাহী প্রকৌশলী, এইচইডি, বরিশাল বিভাগ।
- ৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বরিশাল বিভাগ।
- ৫। জনাব মোঃ রফিকুল ইসলাম, সহকারী প্রকৌশলী, এইচইডি, বরিশাল জেলা।
- ৬। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।

তিনি তাঁর দায়িত্বভার এইচইডি, বরিশাল জেলায় কর্মরত সহকারী প্রকৌশলী জনাব মোহাঃ রফিকুল ইসলাম এর নিকট হস্তান্তরপূর্বক কর্মস্থল ত্যাগ করবেন।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ :

- ১। উপ-সচিব, নির্মাণ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা,
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ব্রিগেডিয়ার জেনারেল বশির আহমেদ, এনডিসি, পিএসসি
প্রধান প্রকৌশলী